



রাষ্ট্রপতি অধ্যাপক এ কিউ এম বদরুদ্দোজা চৌধুরী গতকাল যশস্বার ঢাকায় ইউনিভার্সিটি অফ ডেভেলপমেন্ট অলটারনেটিভ নামে নতুন একটি বিশ্ববিদ্যালয় উদ্বোধন করেন —পিসাইডি

বিশ্বায়নের চ্যালেঞ্জ মোকাবিলায় নিজেদের প্রস্তুত করতে হবে শিক্ষাবিদ ও শিক্ষার্থীদের প্রতি রাষ্ট্রপতির আহ্বান

রাষ্ট্রপতি অধ্যাপক এ কিউ এম বদরুদ্দোজা চৌধুরী বিশ্বায়নের চ্যালেঞ্জ মোকাবিলায় নিজেদের প্রস্তুত করার জন্য শিক্ষাবিদ ও শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি গতকাল ঢাকায় ইউনিভার্সিটি অফ ডেভেলপমেন্ট অলটারনেটিভ (ইউওডিএ) উদ্বোধনকালে এ আহ্বান জানান।

তিনি বলেন, বিশ্বায়নের যুগে তীব্র প্রতিযোগিতা হচ্ছে যুগের চাহিদা এবং এই চ্যালেঞ্জকে কার্যকরভাবে মোকাবিলায় আমাদের নিজেদেরকে প্রস্তুত করতে হবে।

রাজধানীর একটি হোটেলে আয়োজিত এ উদ্বোধনী অনুষ্ঠানে শিক্ষাবিদ, শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকরা উপস্থিত ছিলেন। এতে বক্তব্য রাখেন শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক ইউওডিএর উপাচার্য অধ্যাপক এমাজউদ্দিন আহমেদ এবং ইউওডিএর

প্রতিষ্ঠাতা ও প্রেসিডেন্ট মুজিব খান।

নতুন এই বিশ্ববিদ্যালয়ে ডজনখানেক বিভাগ এবং প্রায় ১০০ জন শিক্ষার্থী রয়েছে। গত মাস থেকে এর কার্যক্রম শুরু হয়।

ইউওডিএর চ্যান্সেলর রাষ্ট্রপতি অধ্যাপক চৌধুরী পর্যাপ্ত বাস্তবায়ণ পেশাভিত্তিক প্রশিক্ষণসমৃদ্ধ শিক্ষিত তরুণ সৃষ্টির লক্ষ্য নিয়ে বিশ্ববিদ্যালয়টি প্রতিষ্ঠার জন্য উদ্যোক্তাদের প্রশংসা করেন। রাষ্ট্রপতি বলেন, বর্তমানে দেশে ৩০টি বেসরকারি বিশ্ববিদ্যালয় রয়েছে। তবে

দুর্ভাগ্যজনকভাবে তাদের অধিকাংশই রাজধানী বা তার আশপাশে এবং চট্টগ্রামে অবস্থিত বলে তিনি উল্লেখ করেন। দেশের সকল ছাত্রছাত্রীর জন্য বিশ্ববিদ্যালয়গুলোর বিস্তার আরো ব্যাপক করা উচিত বলে তিনি অন্তিমত ব্যক্ত করেন।